[redacted]

[redacted]

[redacted]

[

তানভির সহ জেলায় করোনা আক্রান্ত -৮

মেহেরপুর জেলায় মেডিকেল এসিস্ট্যান্ট নতুন করে আরো ৮জন করোনা আক্রান্ত হয়েছে।
বৃহস্পতিবার রাত ১১ টায় এ তথ্য নিশ্চিত করেছেন সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন। আক্রান্তদের মধ্যে গাংনী হাসপাতালে মেডিকেল এসিস্ট্যান্ট তানভির সহ গাংনীতে ৫,মেহেরপুর সদর ২ ও মুজিবনগরে ১জন।
মেহেরপুরের সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন জানান, কুস্টিয়া পিসিআর ল্যাব থেকে ২৬টি নমুনা পরীক্ষার ফলাফল পাওয়া গেছে এর মধ্যে ৮জন করোনা পজেটিভ। এ নিয়ে জেলায় মোট আক্রান্ত ১শ’৭৩ জন। (এর মধ্যে সুস্থ্য ১শ’১, মৃত ৭ , ট্রান্সফার্ড ১৪ জন, মেহেরপুরে চিকিৎসাধীন ৫১ জন। তিনি সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার আহবান জানিয়ে বলেন, প্রশাসনের পক্ষ থেকে আক্রান্ত ব্যক্তিদের বাড়ি লকডাউন করা হবে। এছাড়া আক্রান্তরা নিজ বাড়ি থেকে চিকিৎসা সেবা গ্রহন করবেন।
গাংনী হাসপাতালে মেডিকেল মেডিকেল এসিস্ট্যান্ট তানভির করোনা পজেটিভ নিশ্চিত করে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মো: রিয়াজুল ইসলাম জানান,করোনা আক্রান্তদের চিকিৎসা সেবা দেওয়ার পাশাপাশি স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সার্বিক খোঁজ খবর নেয়া হচ্ছে।

প্রেম প্রতাখ্যান করায় নিজের পেটে ছুরিকাঘাত করে প্রেমিকের আত্যহত্যার চেষ্টা

প্রেম প্রত্যাখ্যান করায় বিক্রমপুরের রাকিব শেখ নামের এক মাদকাসক্ত যুবক গাংনীতে এসে নিজের পেটে ছুরিকাঘাত করে আত্নহত্যার

পাঠিয়েছেন। সেই সাথে রাকিবের পরিবারের লোকজনের সাথে যোগাযোগের চেষ্টা চলছে।

মেহেরপুরে প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে ঈদ উপহার বিতরণ

মেহেরপুরে বুদ্ধি প্রতিবন্ধী ও আটিষ্টিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে উপহার বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার বিকালে শহরের মল্লিক পাড়ায় অবস্থিত বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের মাঝে জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর নির্দেশে ঈদ উপহার বিতরণ করা হয়।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর পক্ষে ঈদ উপহার তুলে দেন মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী কমিটির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন।

এর আগে ঈদ উপহার বিতরণের ভার্চ্যুয়াল কনফারেন্সের মাধ্যমে উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর পত্নী কেন্দ্রীয় যুব মহিলালীগ নেত্রী হোসাইন মোনালিসা।

এসময় উপস্থিত ছিলেন সাবেক আওয়ামী যুবলীগ এর সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরনসহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

মেপ্র/এমএফআর

দামুড়হুদা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ২৫০ গ্রাম গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গা জেলা সুযোগ্য পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর দিকনির্দেশনায় দামুড়হুদা থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে ২৫০ গ্রাম গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। আটককৃত মাদক ব্যবসায়ী হলেন দামুড়হুদা উপজেলার কাদিপুর গাংপাড়ার মৃত সাবদার আলী ছেলে মনির হোসেন (৪০) ও তার সহপাঠী লোকনাথপুর বাসস্ট্যান্ডপাড়া মৃত আক্কেল আলীর ছেলে আব্দুল হালিম শাহ (৬০)।

দামুড়হুদা থানা পুলিশ সূত্র থেকে জানা গেছে, দামুডহুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সুযোগ্য পুলিশ অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল খালেক এর নেতৃত্বে, এস আই তৌহিদুর রহমান, এ এস আই মসলেম উদ্দীন, সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিতে উপজেলার কাদিপুর গ্রামের পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করেন বৃহস্পতিবার দুপুর ২ টার দিকে দোহ তল্লাশী করে ২৫০ গ্রাম গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক করেন।

পুলিশ আরও বলেন আটককৃত আব্দুল হালিম শাহ’র বিরুদ্ধে একাধিক মাদকের মামলা রয়েছে। মাদক ব্যবসায়ী মনির হোসেন ও সহপাঠী আব্দুল হালিম শাহ’র বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করা হয়েছে বলে জানান পুলিশ।

দরিদ্রদের মাঝে ঈদ উপহার তুলে দিলেন ইবি ছাত্রলীগ নেতৃবৃন্দ

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) কর্মরত নিম্ন আয়ের কর্মচারী, ভ্যানচালক, দোকানী ও ক্যাম্পাস সংলগ্ন দরিদ্রের মাঝে ঈদ উপহার বিতরণ করেছেন শাখা ছাত্রলীগের

নেতাকর্মীরা।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার দিকে ক্যাম্পাসস্থ ‘মৃত্যুঞ্জয়ী মুজিব’ ম্যুরালের সামনে এসব বিতরণ করেন তারা।

নেতাকর্মীরা জানায়, ক্যাম্পাস ও পার্শ্ববর্তী এলাকার দরিদ্র ও অসহায় ১’শ জনের মাঝে এই ঈদ উপহার বিতরণ করা হয়। পঞ্চাশ জন পুরুষকে ১টি করে লুঙ্গি এবং সমান সংখ্যক নারীকে ১টি করে শাড়ি উপহার হিসেবে প্রদান করা হয়।

ছাত্রলীগনেতা তৌকির মাহফুজ মাসুদ, শেখ মিজানুর রহমান লালন ও ফয়সাল সিদ্দিকী আরাফাতের নেতৃত্বে এসময় উপস্থিত ছিলেন- আলামিন জোয়ার্দ্দার, বিপুল খান, হোসাইন মজুমদার, হাফিজ, রাজু প্রমুখ।

এ বিষয়ে ছাত্রনেতা শেখ মিজানুর রহমান লালন বলেন, বঙ্গবন্ধুর আদর্শের সৈনিকেরা দেশের যে কোন দুর্যোগময় পরিবেশে মানবতার পাশে দাঁড়িয়ে থাকেন। তারই অংশ হিসেবে বিশ্বব্যাপী এই করোনাকালীন দূর্যোগকালে ঈদের আনন্দ দুঃখী-অসহায় মানুষদের মাঝে ছড়িয়ে দিতে আমাদের এই ক্ষুদ্র প্রয়াস। তিনি বলেন, অসহায়দের পাশে দাঁড়ানো সহ সকল ভালো কাজের সাথে ছাত্রলীগ ছিলো আছে ভবিষ্যতেও থাকবে।

কুষ্টিয়ায় ঢাকা কোচ চালক কল্যাণ সংস্থার ঈদ সামগ্রী বিতরন

কুষ্টিয়ায় ঢাকা কোচ চালক কল্যাণ সংস্থার উদ্যোগে ঈদ উপহার সামগ্রী বিতরন করা হয়েছে। আজ বৃহস্পতিবার দুপুরে ঢাকা কোচ চালক কল্যাণ সংস্থার কুষ্টিয়াস্থ নিজ কার্যালয়ে চালকদের মাঝে এসব সামগ্রী বিতরন করা হয়।

এ সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জি এস এম ইন্টারন্যাশনালের চেয়াম্যান ও কুষ্টিয়া চেম্বার অব কমার্সের পরিচালনক সমাজ সেবক ইঞ্জিনিয়ার মোঃ সাইফুল আলম।

বিশেষ অতিথি ছিলেন, অমিরনি ট্রাসপোর্টের ডিএমডি জীবন আহমেদ অমি, ঢাকা কোচ চালক কল্যাণ সংস্থার উপদেষ্টা আতাউর রহমান ও এসবি সুপার ডিলাক্সের ডিএমডি এমরান আহমেদ প্রমুখ।

অনুষ্ঠান পরিচালনা করেন মাসুদ ভান্ডারী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, ঢাকা কোচ চালক কল্যাণ সংস্থার সাধারন সম্পাদক মো. ফজলুর রহমান। উপস্থিত ছিলেন, ঢাকা কোচ চালক কল্যাণ সংস্থার সাংগঠনিক সম্পাদক আসাদুল খান ও ক্যাশিয়ার আমজাদ হোসেন।

দেশে একদিনে মৃত্যু ৪৮, শনাক্ত ২৬৯৫

করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৪৮ জনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে ৩৬ জন পুরুষ ও ১২ জন মহিলা এবং ১৭ জন ঢাকা বিভাগের ও বাকিরা অন্যান্য বিভাগের।

এ নিয়ে ভাইরাসটিতে মোট মৃত্যু হলো ৩ হাজার ৮৩ জনের। একই সময়ে নতুন করে আরও ২ হাজার ৬৯৫ জন করোনা রোগী শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট করোনা শনাক্ত হলেন ২ লাখ ৩৪ হাজার ৮৮৯ জন।

বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুরে স্বাস্থ্য অধিদফতরের করোনাভাইরাস বিষয়ক নিয়মিত অনলাইন স্বাস্থ্য বুলেটিনে এ তথ্য জানান অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

বুলেটিনে জানানো হয়, দেশের গত ২৪ ঘণ্টায় নমুনা সংগৃহীত হয়েছে ১২ হাজার ৬৬৭ জনের এবং আগের নমুনাসহ ১২ হাজার ৯৩৭ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। এ নিয়ে মোট ১১ লাখ ৬৪ হাজার ১৯৫ জনের নমুনা পরীক্ষা করা হলো।

এ সময়ে করোনায় আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছেন আরও ২ হাজার ৬৯৫ জন। ফলে শনাক্ত রোগীর সংখ্যা বেড়ে দাঁড়াল ২ লাখ ৩৪ হাজার ৮৮৯ জন। সেই সঙ্গে আরও ৪৮ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে ভাইরাসটিতে মোট মৃত্যু হলো ৩ হাজার ৮৩ জনের।

এছাড়া ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৬৬৮ জন। পাশাপাশি আজ পর্যন্ত সব মিলিয়ে সুস্থ হয়েছেন ১ লাখ ৩২ হাজার ৯৬০ জন।

বরাবরের মতো করোনাভাইরাস থেকে সুরক্ষিত থাকতে সবাইকে সাবান দিয়ে হাত ধোয়া, মুখে মাস্ক পরা এবং অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানান তিনি।

সূত্র- ইত্তেফাক

ঈদের দিন হালকা বৃষ্টির সম্ভাবনা

কোরবানির ঈদের দিন রাজধানী ঢাকাসহ সারা দেশে বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদফতর। আজ বৃহস্পতিবার ও কাল শুক্রবারও বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আবহাওয়া অফিস বলেছে, ঈদের দিন সারা দেশে ভারি বর্ষণের সম্ভাবনা কম। তবে ওই দিন রংপুর, সিলেট ও ময়মনসিংহ বিভাগে তুলনামূলক বেশি বৃষ্টি হতে পারে।

আবহাওয়া অফিস জানায়, এখন এমনিতেই বর্ষাকাল চলছে। ২৭ জুন থেকে বন্যা শুরু হয়েছে। দেশের ৩১টি জেলা বন্যা আক্রান্ত। একদিকে ভারি বর্ষণ, অন্যদিকে উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে বন্যা পরিস্থিতির আরো অবনতি হচ্ছে। অবশ্য ২৭ জুলাই থেকে মৌসুমি বায়ু যতটা সক্রিয়, আগামী শনিবার ঈদের দিন মৌসুমি বায়ু ততটা সক্রিয় থাকার সম্ভাবনা কম। সে কারণে বৃষ্টি হলেও পরিমাণে কম হবে।

আবহাওয়া অফিস আরও জানায়, উত্তরের রংপুর, গাইবান্ধা, নীলফামারী, লালমনিরহাটসহ ওই অঞ্চলে ঈদের দিন বৃষ্টি তুলনামূলক বেশি হতে পারে। এ ছাড়া ময়মনসিংহ বিভাগের আওতায় নেত্রকোনা, শেরপুর, জামালপুর অঞ্চলেও তুলনামূলক বৃষ্টি বেশি হতে পারে।

অন্যদিকে সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, সুনামগঞ্জ অঞ্চলে ঈদের দিন বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এর বাইরে অন্য বিভাগগুলোতে থেমে থেমে বৃষ্টি হতে পারে, তবে পরিমাণে কম। রোদও থাকতে পারে। গত ২৪

ঘণ্টায় সবচেয়ে বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে ফেনীতে ৮৯ মিলিমিটার। ঢাকায় বৃষ্টি রেকর্ড করা হয়েছে ৪২ মিলিমিটার।

সূত্র- বিডি প্রতিদিন

গাংনীতে ইয়থদের উদ্যোগে সাঁকো নির্মাণ

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের রাধাগোবিন্দপুর গ্রামে চলাচলের একমাত্র রাস্তা ভারি বর্ষনের ফলে পানির নিচে ডুবে যায়। যার ফলে পানি বন্দি জীবন যাপন করছে শতাধিক পরিবার।

আজ বৃহস্পতিবার ইয়ূথদের উদ্যোগে তৈরি হলো সাধরণ জনগণের চলাচলের জন্য সাঁকো।

ইয়ূথ সদস্য হুমায়ুন কবির জানান, এমন পানি বন্দি দেখে আমরা উদ্যোগ গ্রহন করেছি। সহযোগিতা করেছেন সমাজের বিত্তশালী মানুষ। তবে আমরা এমন একটি কাজ করে গর্বিত।

এ বিষয়ে বাশারুল ইসলাম জানান, সুধু সাঁকোই না বিভিন্ন প্রকার রাস্তা নির্মাণে ও ব্যাপক ভুমিকা পালন করছেন ইয়ূথ সদস্যরা।

এ বিষয়ে রাধাগোবিন্দপুর গ্রামের মেম্বার টুটুল ইসলাম জানান, রাস্তা টা অতিরিক্ত নিচু ও পাশে পুকুর থাকার কারনে একটু পানি হলেই পানি জমে। তবে এবার সর্বোচ্চ বরাদ্দ প্রদান করে রাস্তায় মাটি দিয়ে রাস্তা উচু করে দেওয়ার চেষ্টা করবো।